

স্বপ্ন-সাধ

ডঃ মোহাম্মদ ওমর ফারুক

চলেছে মিছিল
শত মানুষের ভীড়,
উদ্ধৃত-উশুংখল
কত মানুষের শির,
ফুকরিছে শ্লোগান
‘দেব না জাতির মান’!
জয় জাতীয়তাবাদ, জয় সুবিধাবাদ
আমি শুধু শুনি চাঁপা পড়ে যায় বক্ষিতের আর্তনাদ।

বসেছে সভা
অগণিতের সমাবেশ,
বক্তার উচ্চবাচ্য
হয় না কতু শেষ,
ফুকরিছে শ্লোগান
‘বাজী এবার প্রাণ’!
জয় ভোগবাদ, জয় ধোকাবাদ
আমি শুধু শুনি চাঁপা পড়ে যায় নিপীড়িতের আর্তনাদ।

গড়েছে সংগঠন
নামে, বেনামে অগণন,
নিয়েছে অফিস
সুরম্য সজ্জিত ভবন,
ফুকরিছে শ্লোগান
‘করবে সবারে সমান’!
জয় সমাজতন্ত্র, জয় সাম্যবাদ
আমি শুধু শুনি চাঁপা পড়ে যায় সর্বহারার আর্তনাদ।

ঘটেছে নির্বাচন
ঝরায় হাজার প্রতিশ্রুতি,
দরদী, ধার্মিক, দেশপ্রেমিক বেশে
কাড়ছে মানুষের অনুভূতি,
ফুকরিছে শ্লোগান
‘বাংলা আর হবে না বিরাণ’!
জয় গণতন্ত্র, জয় পুজিবাদ
আমি শুধু শুনি চাঁপা পড়ে যায় শোষিতের আর্তনাদ।

হচ্ছে অভ্যুত্থান
করে জাতির কণ্ঠরোধ,
অত্যাচার অবিচার
মিটায়ৈ সকল মানবতাবোধ,
ফুকরিছে শ্লোগান
‘আনব সমৃদ্ধির বান’!
জয় স্বৈরতন্ত্র, জয় একনায়কতাবাদ
আমি শুধু শুনি চাঁপা পড়ে যায় নির্যাতিতের আর্তনাদ।

জমেছে মাহফিল
ওঠে জোরে তাকবির,
মুখে ধর্মের দাবী
ঈমানে ধরেছে চির,
ফুকরিছে শ্লোগান
‘রাখ ধর্ম-রাজনীতির ব্যবধান’!
ধর্ম জিন্দাবাদ, ধর্ম পায়েন্দাবাদ
আমি শুধু শুনি চাঁপা পড়ে যায় মজলুমের আর্তনাদ।

এভাবে চলতে পারে না আর
তরীর বদলারে হবে দিক,
ফররুখী নাবিকেরা, নজরুলী বিদ্রোহীরা, হোসেইনী শহীদেরা
সবার একতা চাই ভিখ,
উঠুক নতুন শ্লোগান
‘সত্য, সুবিচার, সুন্দরের জন্যই আমাদের প্রাণ’!
হোক সত্যের-সুবিচারের জয়, যা কিছু সুন্দর জিন্দাবাদ
নতুন ইতিহাস এসো গড়ি আমরা, জাগে মোর সে স্বপ্ন-সাধ।

*১৯৯৯